Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

১৩ অগ্রহায়ণ ১৪৩১

DU in Media

28 November 2024

## দৈনিক বর্তমান



বায়ুর গুণগতমান উন্নয়ন এবং পরিবেশ দূষণরোধ বিষয়ক গবেষণা কার্যক্রম পরিচালনার লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় সেন্টার ফর এ্যাডভান্সড রিসার্চ ইন সায়েন্সেস (কারস্)-এ বুধবার একটি অত্যাধুনিক গ্যাস ক্রোমাটোগ্রাফি ল্যাবরেটরি উদ্বোধন করা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই ল্যাবরেটরির উদ্বোধন করেন -বর্তমান

# পরিবেশ বিষয়ে গবেষণার লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ে গ্যাস ক্রোমাটোগ্রাফি ল্যাবরেটরি উদ্বোধন

ঢাবি প্রতিনিধি

বায়ুর গুণগতমান উন্নয়ন এবং পরিবেশ দূষণরোধ বিষয়ক গবেষণা কার্যক্রম পরিচালনার লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় সেন্টার ফর এ্যাডভান্সড রিসার্চ ইন সায়েন্সেস (কারস্)-এ বুধবার একটি অত্যাধুনিক গ্যাস ক্রোমাটোগ্রাফি ল্যাবরেটরি উদ্বোধন করা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই ল্যাবরেটরি উদ্বোধন করেন। যৌথ সহযোগিতামূলক এরপর পৃষ্ঠা ৭ কলাম ৩

## পরিবেশ বিষয়ে গবেষণার

গবেষণা প্রকল্পের আওতায় জাপানের এজেআই-সিএলই কোম্পানি লিমিটেড এবং রাইয়োবি সিস্টেমস কোম্পানি লিমিটেড এই ল্যাবে একটি 'গ্যাস ক্রোমাটোগ্রাফ মেশিন' উপহার দেয়।

কারস-এর পরিচালক অধ্যাপক ড. মো. আবদুর রশীদের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, জীববিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো.আখতার হোসেন খান, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. আবদুস সালাম, আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদের ডিন অর্ধ্যাপক ড. কাজী মতিন উদ্দিন আহমেদ এবং ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদের ডিন অধ্যাপক ড. উপমা কবির, এজেআই-সিএলই কোম্পানি লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক মি. তাইচি ওয়াতানাবে এবং রাইয়োবি সিস্টেমস কোম্পানি লিমিটেড-এর প্রতিনিধি মি. ইমরানুল হক চৌধুরী উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বলেন, বায়ুদূষণের মাত্রা বিবেচনায় বিশ্বের বিভিন্ন শহরের মধ্যে ঢাকার অবস্থান শীর্ষে। কার্বন নিঃসরণ হ্রাস, বায়ুর গুণগত মান বৃদ্ধি ও পরিবেশ দূষণ রোধে অত্যাধুনিক গবেষণা কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে নতুন নতুন উদ্ভাবনী ধারণা ও প্রকল্প নিয়ে আমাদের ভাবতে হবে। কারস্ এবং জাপানের দুই প্রতিষ্ঠানের মধ্যে এধরনের যৌথ সহযোগিতামূলক গবেষণা কার্যক্রম জাতীয় ও আন্তর্জাতিকভাবে পরিবেশ দূষণ রোধসহ পরিবেশ সংরক্ষণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ে গ্যাস ক্রোমাটোগ্রাফ মেশিন স্থাপনে সহযোগিতা করায় জাপানের দুই প্রতিষ্ঠানকে তিনি ধন্যবাদ জানান।

## নয়া দিগন্ত

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে গ্যাস ক্রোমাটোগ্রাফি ল্যাবরেটরি উদ্বোধন

বায়ুর গুণগতমান উন্নয়ন এবং পরিবেশ দূষণরোধ বিষয়ক গবেষণা কার্যক্রম পরিচালনার লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় সেন্টার ফর অ্যাডভান্সড রিসার্চ ইন সায়েন্সেস (কারস্)-এ গতকাল একটি অত্যাধুনিক গ্যাস ক্রোমাটোগ্রাফি ল্যাবরেটরি উদ্বোধন করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান প্রধান অতিথি থেকে এই ল্যাবরেটরি উদ্বোধন করেন। যৌথ সহযোগিতামূলক গবেষণা প্রকল্পের আওতায় জাপানের এজেআই-সিএলই কোম্পানি লিমিটেড এবং রাইয়োবি সিস্টেমস কোম্পানি লিমিটেড এই ল্যাবে একটি 'গ্যাস ক্রোমাটোগ্রাফ মেশিন' উপহার দেয়।

কারস-এর পরিচালক অধ্যাপক ড. মো: আবদুর রশীদের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রোভিসি (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, জীববিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো: আখতার হোসেন খান, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. আবদুস সালাম, আর্থ অ্যান্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদের ডিন অধ্যাপক ড. কাজী মতিন উদ্দিন আহমেদ এবং ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি অনুষদের ডিন অধ্যাপক ড. উপমা কবির, এজেআই-সিএলই কোম্পানি লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক মি. তাইচি ওয়াতানাবে এবং রাইয়োবি সিস্টেমস কোম্পানি লিমিটেড-এর প্রতিনিধি মি. ইমরানুল হক চৌধুরী উপস্থিত ছিলেন।

ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বলেন, বায়ুদূষণের মাত্রা বিবেচনায় বিশ্বের বিভিন্ন শহরের মধ্যে ঢাকার অবস্থান শীর্ষে। কার্বন নিঃসরণ হ্রাস, বায়ুর গুণগত মান বৃদ্ধি ও পরিবেশ দূষণ রোধে অত্যাধুনিক গবেষণা কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে নতুন নতুন উদ্ভাবনী ধারণা ও প্রকল্প নিয়ে আমাদের ভাবতে হবে। কারস্ এবং জাপানের দুই প্রতিষ্ঠানের মধ্যে এধরনের যৌথ সহযোগিতামূলক গবেষণা কার্যক্রম জাতীয় ও আন্তর্জাতিকভাবে পরিবেশ দূষণ রোধসহ পরিবেশ সংরক্ষণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ে গ্যাস ক্রোমাটোগ্রাফ মেশিন স্থাপনে সহযোগিতা করায় জাপানের দুই প্রতিষ্ঠানকে তিনি ধন্যবাদ জানান। বিজ্ঞপ্তি।

## দৈনিক বর্তমান



ঢাকা বিশ্ববিদ্যালয় ফারসি ভাষা ও সাহিত্য বিভাগের নবীন বরণ ও বিদায় সংবর্ধনা অনুষ্ঠান বুধবার ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা এবং বাংলাদেশে নিযুক্ত ইরানের রাষ্ট্রদূত মানসূর চাভুশী বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন -বর্তমান

# ঢাবি ফারসি ভাষা ও সাহিত্য বিভাগের নবীন বরণ ও বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত

ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয় ফারসি ভাষা ও সাহিত্য বিভাগের নবীন বরণ ও বিদায় সংবর্ধনা অনুষ্ঠান বুধবার ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

বিভাগীয় চেয়ারম্যান অধ্যাপক ড. মো. মুমিত আল রশিদের সভাপতিত্বে অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, বাংলাদেশে নিযুক্ত ইরানের রাষ্ট্রদূত মানসূর চাভুশী, কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান এবং ঢাকাস্থ ইরান সাংস্কৃতিক কেন্দ্রে র কালচারাল কাউন্সেলর সাইয়্যেদ রেজা মীরমোহাম্মদী বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। অনুষ্ঠান আয়োজক কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. কে এম সাইফুল ইসলাম খান স্বাগত বক্তব্য দেন। সহযোগী অধ্যাপক মো. আহসানুল হাদী অনুষ্ঠান সঞ্চালন করেন। নবীন শিক্ষার্থীদের পক্ষে হৃদয় রায় ও জেরিন আফরোজ এবং বিদায়ী শিক্ষার্থীদের পক্ষে মিতু আক্তার ও মো. খায়রুজ্জামান বক্তব্য রাখেন। উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান নবীন শিক্ষার্থীদের আন্তরিক অভিনন্দন ও বিদায়ী শিক্ষার্থীদের ভবিষ্যত জীবনের সাফল্য কামনা করেন। তিনি বলেন, ফারসি ভাষা ও সাহিত্য প্রায় ৬শ' বছরের পুরানো। সমৃদ্ধ এই ভাষা ও সাহিত্য বিষয়ে গবেষণার ক্ষেত্রে ঢাকা বিশ্ববিদ্যালয় ফারসি ভাষা ও সাহিত্য বিভাগের শিক্ষক-শিক্ষার্থীদের অনন্য ভূমিকা রয়েছে। ফারসি ভাষা ও সাহিত্য চর্চায় সহায়তার জন্য তিনি ইরানের রাষ্ট্রদূতকে ধন্যবাদ জানিয়ে বলেন, বাংলাদেশ এবং ইরান দীর্ঘদিনের পরীক্ষিত বন্ধু। ইতিহাস, ঐতিহ্য, সামাজিক, সাংস্কৃতিক, রাজনৈতিক, অর্থনৈতিকসহ বিভিন্ন ক্ষেত্রে দু'দেশের জনগণের গভীর মেলবন্ধন রয়েছে। দু'দেশের এই বন্ধুত্বপূর্ণ সম্পর্ক আরও সুদৃঢ় করতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সঙ্গে ইরানের বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও শিক্ষা প্রতিষ্ঠানের যৌথ সহযোগিতামূলক শিক্ষা ও গবেষণা কার্যক্রম সম্প্রসারণের উপর তিনি গুরুত্বারোপ করেন।

অনুষ্ঠানে নবীন বরণ ও বিদায় সংবর্ধনা উপলক্ষ্যে প্রকাশিত স্মরণিকার মোড়ক উন্মোচন করা হয়। এছাড়া, ২০২১-২০২২ শিক্ষাবর্ষের এমএ শ্রেণিতে সর্বোচ্চ সিজিপিএ প্রাপ্ত শিক্ষার্থীদের সম্মাননা প্রদান করা হয়। দ্বিতীয় পর্বে বিভাগের শিক্ষার্থীদের অংশগ্রহণে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।

## The New Age

# DU Persian dept holds orientation, farewell programme

Staff Correspondent

THE Department of Persian Language and Literature of the University of Dhaka held an orientation and farewell programme of the new and outgoing students of the department at the Teacher-Student Centre auditorium of the university on Wednesday.

The DU vice-chancellor Professor Niaz Ahmed Khan was present as chief guest at the programme, which was presided over by the departmental chairman, Professor Md Mumit Al Rashid.

Pro-VC for administration Professor Sayema Haque Bidisha, Iranian ambassador to Bangladesh Mansour Chavoshi, faculty of arts dean Professor Mohammad Sidiqur Rahman Khan, and cultural counsellor of the Iranian Cultural Centre in Dhaka, Syed Reza Mirmohammadi, among others, spoke as special guests.

The convener of the program organising committee, Professor KM Saiful Islam Khan, delivered welcome speech at the programme, which was conducted by the department's associate professor Md Ahsanul Hadi

Niaz Ahmed Khan extended his heartfelt congratulations to the new students and wished the outgoing students success in their future lives.

## কালের কণ্ঠ

### কিউএস র‍্যাংকিংয়ে ২৮ ধাপ এগিয়ে দেশসেরা ঢাবি

নিজস্ব প্রতিবেদক ▷

যুক্তরাজ্যভিত্তিক শিক্ষা ও গবেষণা সংস্থা কোয়াককোয়ারেলি সায়মন্ডসের (কিউএস) এশিয়া ইউনিভার্সিটি র‍্যাংকিংয়ে বাংলাদেশের বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে শীর্ষস্থানে রয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি)। এশিয়ার বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অবস্থান ১১২তম। গত বছর এই অবস্থান ছিল ১৪০তম। সে হিসাবে এবারের র‍্যাংকিংয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় ২৮ ধাপ এগিয়েছে। গত ৬ নভেম্বর এশিয়ার সেরা বিশ্ববিদ্যালয়ের তালিকা প্রকাশ করেছে কিউএস। এশিয়ার সেরা ৯৮৪টি বিশ্ববিদ্যালয়ের তালিকায় শীর্ষস্থানে রয়েছে চীনের পিকিং ইউনিভার্সিটি (বেইজিং)। দি ইউনিভার্সিটি অব হংকং তালিকায় দ্বিতীয় অবস্থানে রয়েছে। র‍্যাংকিংটি প্রধানত ১১টি সূচকের ওপর ভিত্তি করে তৈরি করা হয়। এর মধ্যে একাডেমিক কার্যক্রম, পিএইচডিধারীর সংখ্যা ও আন্তর্জাতিক শিক্ষার্থীর সংখ্যা বিবেচনা করা হয়।

## আমার সংবাদ

### কিউএস র‍্যাঙ্কিংয়ে ২৮ ধাপ এগিয়ে দেশসেরা ঢাবি

ঢাবি প্রতিনিধি

যুক্তরাজ্যভিত্তিক শিক্ষা ও গবেষণা সংস্থা কোয়াককোয়ারেলি সায়মন্ডসের (কিউএস) এশিয়া ইউনিভার্সিটি র‍্যাঙ্কিংয়ে বাংলাদেশের বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে শীর্ষস্থান অধিকার করেছে ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি)। এশিয়ার বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে ঢাবির অবস্থান ১১২ তম। গতবছর এই অবস্থান ছিল ১৪০ তম। সে হিসেবে এবারের র‍্যাঙ্কিংয়ে ঢাবি ২৮ ধাপ এগিয়েছে। গত ৬ নভেম্বর এশিয়ার সেরা বিশ্ববিদ্যালয়ের তালিকা প্রকাশ করেছে কিউএস। প্রতি বছরের নভেম্বর মাসের শুরুতে তালিকাটি প্রকাশ করা হয়। এশিয়ার

এরপর পৃষ্ঠা ৭ কলাম ২

### কিউএস র‍্যাঙ্কিংয়ে ২৮ ধাপ

সেরা ৯৮৪টি বিশ্ববিদ্যালয়ের তালিকায় শীর্ষস্থানে রয়েছে চীনের পিকিং ইউনিভার্সিটি (বেইজিং)। দ্য ইউনিভার্সিটি অব হংকং তালিকায় দ্বিতীয় অবস্থানে রয়েছে।

র‍্যাঙ্কিংটি প্রধানত ১১টি সূচকের উপর ভিত্তি করে তৈরি করা হয়েছে। এর মধ্যে একাডেমিক কার্যক্রম, পিএইচডিধারীর সংখ্যা ও আন্তর্জাতিক শিক্ষার্থীদের সংখ্যা বিবেচনা করা হয়েছে। কিউএস প্রতিবছর কয়েকটি মানদণ্ডের ভিত্তিতে পৃথিবীর বিশ্ববিদ্যালয়গুলোর বার্ষিক একটি র‍্যাঙ্কিং প্রকাশ করে। বিশ্ববিদ্যালয়গুলোর গবেষণা, উদ্ভাবন, চাকরিতে স্নাতকদের কর্মক্ষমতা, প্রাতিষ্ঠানিক সাফল্য, শিক্ষক ও শিক্ষার্থীদের সাফল্য, আন্তর্জাতিক গবেষণা নেটওয়ার্ক, গবেষণা প্রবন্ধের সাইটেশন, পিএইচডি ডিগ্রিধারী শিক্ষক-কর্মকর্তাদের সংখ্যা, আন্তর্জাতিক শিক্ষক ও শিক্ষার্থীদের অনুপাত, আন্তর্জাতিক পর্যায়ে শিক্ষার্থী বিনিময়ের হার বিবেচনা করে এ তালিকা তৈরি করা হয়। এ বছর কিউএস সাসটেইনেবিলিটি বিশ্ব র‍্যাঙ্কিংয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় ৬৩৪ তম স্থান অর্জন করেছে। সম্প্রতি এই র‍্যাঙ্কিং প্রকাশ করা হয়েছে।

## দৈনিক বর্তমান

### কিউএস র‍্যাঙ্কিংয়ে ২৮ ধাপ এগিয়ে দেশসেরা ঢাবি

আমার সংবাদ ডেস্ক ▶▶



যুক্তরাজ্যভিত্তিক শিক্ষা ও গবেষণা সংস্থা কোয়াককোয়ারেলি সায়মন্ডসের (কিউএস) এশিয়া ইউনিভার্সিটি র‍্যাঙ্কিংয়ে বাংলাদেশের বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে শীর্ষস্থান অধিকার করেছে ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি)। এশিয়ার বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে ঢাবির অবস্থান ১১২তম। গতবছর এই অবস্থান ছিল ১৪০ তম। সে হিসেবে এবারের র‍্যাঙ্কিংয়ে ঢাবি ২৮ ধাপ এগিয়েছে। গত ৬ নভেম্বর এশিয়ার সেরা বিশ্ববিদ্যালয়ের তালিকা প্রকাশ করেছে কিউএস। প্রতি বছরের নভেম্বর মাসের শুরুতে তালিকাটি প্রকাশ করা হয়। এশিয়ার সেরা ৯৮৪টি বিশ্ববিদ্যালয়ের তালিকায় শীর্ষস্থানে রয়েছে চীনের পিকিং ইউনিভার্সিটি (বেইজিং)। দ্য ইউনিভার্সিটি অব হংকং তালিকায় দ্বিতীয় অবস্থানে রয়েছে। র‍্যাঙ্কিংটি প্রধানত ১১টি সূচকের ওপর

● এরপর পৃষ্ঠা ২ কলাম ৩

### কিউএস র‍্যাঙ্কিংয়ে

▶▶ শেষ পৃষ্ঠার পর

ভিত্তি করে তৈরি করা হয়েছে। এর মধ্যে একাডেমিক কার্যক্রম, পিএইচডিধারীর সংখ্যা ও আন্তর্জাতিক শিক্ষার্থীদের সংখ্যা বিবেচনা করা হয়েছে। কিউএস প্রতিবছর কয়েকটি মানদণ্ডের ভিত্তিতে পৃথিবীর বিশ্ববিদ্যালয়গুলোর বার্ষিক একটি র‍্যাঙ্কিং প্রকাশ করে। বিশ্ববিদ্যালয়গুলোর গবেষণা, উদ্ভাবন, চাকরিতে স্নাতকদের কর্মক্ষমতা, প্রাতিষ্ঠানিক সাফল্য, শিক্ষক ও শিক্ষার্থীদের সাফল্য, আন্তর্জাতিক গবেষণা নেটওয়ার্ক, গবেষণা প্রবন্ধের সাইটেশন, পিএইচডি ডিগ্রিধারী শিক্ষক-কর্মকর্তাদের সংখ্যা, আন্তর্জাতিক শিক্ষক ও শিক্ষার্থীদের অনুপাত, আন্তর্জাতিক পর্যায়ে শিক্ষার্থী বিনিময়ের হার বিবেচনা করে এ তালিকা তৈরি করা হয়। এ বছর কিউএস সাসটেইনেবিলিটি বিশ্ব র‍্যাঙ্কিংয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় ৬৩৪তম স্থান অর্জন করেছে। সম্প্রতি এই র‍্যাঙ্কিং প্রকাশ করা হয়েছে।

# ইনকিলাব



ঢাকা বিশ্ববিদ্যালয় প্রাচ্যকলা বিভাগের সপ্তাহব্যাপী 'বার্ষিক শিল্পকর্ম প্রদর্শনী' চারুকলা অনুষদের জয়নুল গ্যালারিতে শুরু হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান এ প্রদর্শনীর উদ্বোধন করেন -প্রেস বিজ্ঞপ্তি

# ইনকিলাব




অ্যাকশন-এইড বাংলাদেশ-ডিইউডিএস আন্তঃবিশ্ববিদ্যালয় বিতর্ক প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠান সোমবার সন্ধ্যায় ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হয়। বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন প্রধান অতিথি ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা। এসময় অন্যান্যের মধ্যে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ, অ্যাকশন-এইড বাংলাদেশ-এর কান্ট্রি ডিরেক্টর ফারাহ কবির, ডিইউডিএস-এর সভাপতি অর্পিতা গোলদার ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন। -প্রেস বিজ্ঞপ্তি

# নয়া দিগন্ত



## ঢাবি বাঁধন-এর নবীনবরণ ও রক্তদাতা সম্মাননা অনুষ্ঠিত

'রক্তদানকে একটি সামাজিক আন্দোলনে পরিণত করুন' স্লোগানকে ধারণ করে ঢাকা বিশ্ববিদ্যালয় বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হল ইউনিট বাঁধন-এর নবীনবরণ ও রক্তদাতা সম্মাননা গত মঙ্গলবার সন্ধ্যায় হল মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হল ইউনিট বাঁধন-এর সভাপতি ফারজানার সভাপতিত্বে অনুষ্ঠানে হল প্রাধ্যক্ষ অধ্যাপক ড. আলেয়া বেগম, হল ইউনিট বাঁধন-এর উপদেষ্টা ড. তাসলিমা ফেরদৌস এবং সাধারণ সম্পাদক বাবলী আক্তার মনা বক্তব্য রাখেন। অনুষ্ঠানে ঢাকা মেডিক্যাল কলেজ ও হাসপাতালের ট্রান্সফিউশন মেডিসিন বিভাগের প্রধান ডা: কাশফিয়া ইসলাম প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে হল ইউনিট বাঁধন-এর সর্বোচ্চ রক্তদাতাদের সম্মাননা প্রদান এবং শ্রেষ্ঠ বাঁধন কর্মীদের পুরস্কৃত করা হয়। বিজ্ঞপ্তি।

# আজকালের খবর

## ঢাবিতে হল ইউনিট বাঁধনের নবীনবরণ ও রক্তদাতা সম্মাননা

● নিজস্ব প্রতিবেদক

'রক্তদানকে একটি সামাজিক আন্দোলনে পরিণত করুন' স্লোগানকে ধারণ করে ঢাকা বিশ্ববিদ্যালয় বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হল ইউনিট বাঁধন-এর নবীনবরণ ও রক্তদাতা সম্মাননা গত মঙ্গলবার সন্ধ্যায় হল মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। হল ইউনিট বাঁধন-এর সভাপতি ফারজানা'র সভাপতিত্বে অনুষ্ঠানে হল প্রাধ্যক্ষ অধ্যাপক ড. আলেয়া বেগম, হল ইউনিট বাঁধন-এর উপদেষ্টা ড. তাসলিমা ফেরদৌস এবং সাধারণ সম্পাদক বাবলী আক্তার মনা বক্তব্য রাখেন। অনুষ্ঠানে ঢাকা মেডিক্যাল কলেজ ও হাসপাতালের ট্রান্সফিউশন মেডিসিন বিভাগের প্রধান ডা. কাশফিয়া ইসলাম প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে হল ইউনিট বাঁধন-এর সর্বোচ্চ রক্তদাতাদের সম্মাননা প্রদান এবং শ্রেষ্ঠ বাঁধন কর্মীদের পুরস্কৃত করা হয়।